## নয়াদিগন্ত



# আন্দোলনে আহতদের দেখতে জাতীয় অর্থোপেডিক হাসপাতালে ঢাবি ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে গতকাল মঙ্গলবার জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) যান। এ সময় তিনি আহত শিক্ষার্থী ও চিকিৎসকদের সাথে কথা বলেন এবং চিকিৎসাধীন শিক্ষার্থীদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন। তিনি আহতদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং তাদের দ্রুত সুস্থতা কামনা করেন।

নিটোরে নবনিযুক্ত পরিচালক অধ্যাপক ড. আবুল কেনান, সদ্য বিদায়ী পরিচালক অধ্যাপক ড. কাজী শামীম উজ্জামানসহ বিভিন্ন ইউনিট প্রধান, চিকিৎসকগণ এ সময় উপস্থিত ছিলেন।

হাসপাতাল পরিদর্শন শেষে চিকিৎসকদের সাথে মতবিনিময়কালে ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, আমরা জাতি হিসেবে এ আন্দোলনে নিহত ও আহতদের কাছে কৃতজ্ঞ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের চিকিৎসা ও

৪র্থ পৃ: ৪-এর কলামে

## আন্দোলনে আহতদের

৩য় পৃষ্ঠার পর

পুনর্বাসনের লক্ষ্যে সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। নতুন বাংলাদেশ প্রতিষ্ঠায় তাদের আত্মত্যাগ ও অবদান সবসময় স্মরণে রাখতে হবে। আহত অনেকের দীর্ঘমেয়াদি চিকিৎসা গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। চিকিৎসা প্রদান শেষ হলে তাদের কর্মসংস্থানসহ পুনর্বাসনের বিষয়টিও বড় একটি চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের পাশাপাশি সামাজিক, পেশাজীবী সংগঠনসহ সকল শ্রেণিপেশার মানুষকে এগিয়ে আসতে হবে। অত্যন্ত আন্তরিকতার সাথে বিভিন্ন হাসপাতালে আহতদের চিকিৎসা সেবা প্রদানের জন্য তিনি চিকিৎসকদের ধন্যবাদ জানান।

উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত হয়ে ৫৪৫ জন জাতীয় অর্থোপেডিক হাসপাতালে ভর্তি হন। এর মধ্যে গুরুতর আহত ৮৪ জন এখনো হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বিজ্ঞপ্তি

## ভোরের ডাক

# বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে জাতীয় অর্থোপেডিক হাসপাতালে ঢাবি উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে গতকাল মঙ্গলবার জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) যান। এসময় তিনি আহত শিক্ষার্থী ও চিকিৎসকদের সঙ্গে কথা বলেন এবং চিকিৎসাধীন শিক্ষার্থীদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন।



দৈনিক বর্তমান
The Daily Bartoman
আমরা সত্যের অনুসারী

২৭-১১-২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে কলা অনুষদ, বিজ্ঞান অনুষদ, আইন অনুষদ এবং ফার্মেসী অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১ম বর্ষ 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর এই অনুষ্ঠান আয়োজন করে -বর্তমান

## আলোকিত বাংলাদেশ



# আহতদের দেখতে অর্থোপেডিক হাসপাতালে ঢাবি উপাচার্য

● আলোকিত ডেস্ক

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) পরিদর্শন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। গতকাল মঙ্গলবার উপাচার্য হাসপাতালে চিকিৎসাধীন শিক্ষার্থীদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন। তিনি আহতদের প্রতি গভীর সমবেদনা জানান এবং তাদের দ্রুত সুস্থতা কামনা করেন। এ সময় নিটোর এর নবনিযুক্ত পরিচালক অধ্যাপক ড. আবুল কেনান, বিভিন্ন ইউনিট প্রধান ও চিকিৎসকরা উপস্থিত ছিলেন। হাসপাতাল পরিদর্শন শেষে উপাচার্য ড. নিয়াজ আহমদ খান বলেন, আমরা জাতি হিসেবে এই আন্দোলনে নিহত ও আহতদের কাছে কৃতজ্ঞ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের চিকিৎসা ও পুনর্বাসনের লক্ষ্যে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তিনি বলেন, নতুন বাংলাদেশ প্রতিষ্ঠায় তাদের আত্মত্যাগ ও অবদান সবসময় স্মরণে রাখতে হবে। আহত অনেকের দীর্ঘমেয়াদি চিকিৎসা গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। চিকিৎসা প্রদান শেষ হলে তাদের কর্মসংস্থানসহ পুনর্বাসনের বিষয়টিও বড় একটি চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবিলায় সরকারের পাশাপাশি সামাজিক, পেশাজীবী সংগঠনসহ সব শ্রেণি-পেশার মানুষকে এগিয়ে আসতে হবে। উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত হয়ে ৫৪৫ জন জাতীয় অর্থোপেডিক হাসপাতালে ভর্তি হন। এর মধ্যে গুরুতর আহত ৮৪ জন এখনো হাসপাতালে চিকিৎসাধীন।

## ভোরের কাগজ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে গতকাল জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে যান। বিজ্ঞপ্তি

## দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে মঙ্গলবার জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) যান। এসময় তিনি আহত শিক্ষার্থী ও চিকিৎসকদের সঙ্গে কথা বলেন এবং চিকিৎসাধীন শিক্ষার্থীদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন -বর্তমান

### বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে জাতীয় অর্থোপেডিক হাসপাতালে ঢাবি উপাচার্য

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের দেখতে মঙ্গলবার জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (নিটোর) যান। এসময় তিনি আহত শিক্ষার্থী ও চিকিৎসকদের সঙ্গে কথা বলেন এবং চিকিৎসাধীন শিক্ষার্থীদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন। তিনি আহতদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং তাদের দ্রুত সুস্থতা কামনা করেন।

এসময় নিটোর-এর নবনিযুক্ত পরিচালক অধ্যাপক ডা. আবুল কেনান, সদ্যবিদায়ী পরিচালক অধ্যাপক ডা. কাজী শামীম উজ্জামানসহ বিভিন্ন ইউনিট প্রধান ও চিকিৎসকগণ উপস্থিত ছিলেন।

হাসপাতাল পরিদর্শন শেষে চিকিৎসকদের সঙ্গে মতবিনিময়কালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এরপর পৃষ্ঠা ৭ কলাম ২

### বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে

ড. নিয়াজ আহমদ খান বলেন, আমরা জাতি হিসেবে এই আন্দোলনে নিহত ও আহতদের কাছে কৃতজ্ঞ। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের চিকিৎসা ও পুনর্বাসনের লক্ষ্যে সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। নতুন বাংলাদেশ প্রতিষ্ঠায় তাদের আত্মত্যাগ ও অবদান সবসময় স্মরণে রাখতে হবে। আহত অনেকের দীর্ঘমেয়াদি চিকিৎসা গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। চিকিৎসা প্রদান শেষ হলে তাদের কর্মসংস্থানসহ পুনর্বাসনের বিষয়টিও বড় একটি চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের পাশাপাশি সামাজিক, পেশাজীবী সংগঠনসহ সকল শ্রেণি-পেশার মানুষকে এগিয়ে আসতে হবে। অত্যন্ত আন্তরিকতার সঙ্গে বিভিন্ন হাসপাতালে আহতদের চিকিৎসা সেবা প্রদানের জন্য তিনি চিকিৎসকদের ধন্যবাদ জানান। উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহত হয়ে ৫৪৫জন জাতীয় অর্থোপেডিক হাসপাতালে ভর্তি হন। এরমধ্যে গুরুতর আহত ৮৪জন এখনও হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

## আমার সংবাদ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল মঙ্গলবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে কলা অনুষদ, বিজ্ঞান অনুষদ, আইন অনুষদ এবং ফার্মেসি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১ম বর্ষ 'আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের' শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দপ্তর এই অনুষ্ঠান আয়োজন করে। -বিজ্ঞপ্তি

## The Country Today



*DU VC Prof Dr. Niaz Ahmed Khan addressing the introductory meeting of the first-year 'Undergraduate Program' as Chief Guest at TSC Auditorium on Tuesday. Students of various departments under the Faculty of Arts, Faculty of Science, Faculty of Law and Faculty of Pharmacy were present. The event was organized by the Student Guidance and Counseling Office. Photo- DU Public Relations.*

# দৈনিক বাংলা




ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (ডিইউডিএস) এবং অ্যাকশন-এইড বাংলাদেশের যৌথ উদ্যোগে দুই দিনব্যাপী অ্যাকশন-এইড বাংলাদেশ-ডিইউডিএস আন্তবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত সোমবার সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এ সময় অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, অ্যাকশন-এইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির, ডিইউডিএসের সভাপতি অর্পিতা গোলদার ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। ছবি: ঢাবি জনসংযোগ

# ভোরের ডাক




ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি এবং অ্যাকশন-এইড বাংলাদেশের যৌথ উদ্যোগে দু'দিনব্যাপী অ্যাকশন-এইড বাংলাদেশ-ডিইউডিএস আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত সোমবার সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, অ্যাকশন-এইড বাংলাদেশ-এর কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির, ডিইউডিএস-এর সভাপতি অর্পিতা গোলদার ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## The Country Today

# DU 1st year students' introduction meeting held



**DU Correspondent**

The introduction meeting of the 1st year 'Undergraduate Program' students of the departments under the Faculty of Social Sciences and the Faculty of Fine Arts of Dhaka University and various institutes was held on Monday at the Student-Teacher Center Auditorium.

Dhaka University Pro-Vice-Chancellor (Administration) Prof Dr. Saima Haque Bidisha spoke as the chief guest at the event. Continued to page 2

## DU 1st year students'

The event, chaired by Prof Dr. Mehzabeen Haque, Director of the Student Guidance and Counseling Office, was attended by Prof Dr. Azharul Islam Sheikh, Dean of the Faculty of Fine Arts, and Prof Dr. Shafiun Nahin Shimul, Acting Director of the Institute of Health Economics, among others. Salsabil Binte Salam and Rajequzzaman Jewel of the Department of Television, Film and Photography, Jawata Afnan Jaya of the Department of History of Art, and Mithila Pal of the Institute of Information Technology, spoke on behalf of the new students. Chairmen of various departments, directors of various institutes and student advisors were present at the time.

Pro-Vice-Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha said that students should develop as skilled human resources to survive in the competitive world. Every time should be used properly for the purpose. Students should give utmost importance to studies to develop their talent and mind and expand their knowledge.

## আমাদের সময়

ঢাবিতে ভর্তি

# মুক্তিযোদ্ধা কোটায় সুযোগ পাবে সন্তান নাতি-নাতনি নয়

ঢাবি প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে মুক্তিযোদ্ধা কোটায় শুধু সন্তানরা সুযোগ পাবেন। তবে নাতি-নাতনিরা এবার ভর্তির সুযোগ পাবেন না বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মুনসী শামস উদ্দিন আহম্মদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আগের ভর্তি বিজ্ঞপ্তির সংশোধনী হিসেবে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে বলা হয়েছে- ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় মুক্তিযোদ্ধা ■ এরপর পৃষ্ঠা ২, কলাম ১

## মুক্তিযোদ্ধা কোটায়

(শেষ পৃষ্ঠার পর) কোটায় শুধু মুক্তিযোদ্ধার সন্তানরা সুযোগ পাবেন। মুক্তিযোদ্ধার নাতি-নাতনি এই কোটায় বিবেচিত হবেন না।

এতে আরও বলা হয়, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ১ ফেব্রুয়ারির পরিবর্তে ১৫ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। ভর্তির আবেদন গ্রহণের সময়সীমা ২৫ নভেম্বরের পরিবর্তে ২৭ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

## সংবাদ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি, মুক্তিযোদ্ধার সন্তানেরা সুযোগ পাবেন, নাতি-নাতনি নয়

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে মুক্তিযোদ্ধা কোটায় শুধু সন্তানেরা সুযোগ পাবেন। নাতি-নাতনিরা এই কোটায় বিবেচিত হবেন না। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মুনসী শামস উদ্দিন আহম্মদ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আগের ভর্তি বিজ্ঞপ্তির সংশোধনী হিসেবে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, '২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় মুক্তিযোদ্ধা কোটায় শুধু মুক্তিযোদ্ধার সন্তানেরা সুযোগ পাবেন। মুক্তিযোদ্ধার নাতি-নাতনি এই কোটায় বিবেচিত হবেন না। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ১ ফেব্রুয়ারির পরিবর্তে ১৫ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। ভর্তির আবেদন গ্রহণের সময়সীমা ২৫ নভেম্বরের পরিবর্তে ২৭ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত বর্ধিত করা হয়েছে।'

ভর্তিসংক্রান্ত অন্য নিয়ম বা শর্ত অপরিবর্তিত থাকবে। বিস্তারিত জানতে এখানে ক্লিক করুন। নোটিশ ট্যাবে ক্লিক করে বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

গত সোমবার দুপুর পর্যন্ত সব ইউনিট মিলে মোট আবেদন পড়েছে ৩ লাখ ৬ হাজারের বেশি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক মোস্তাফিজুর রহমান গত সোমবার বলেন, গতবারের চেয়ে এবার আবেদন বেশি পড়েছে। এখন পর্যন্ত সবচেয়ে বেশি আবেদন জমা পড়েছে বিজ্ঞান ইউনিটে। মোট ১ লাখ ৩৫ হাজারের বেশি আবেদন জমা পড়েছে। কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ১ লাখ ১৬ হাজার আবেদন ও ব্যবসায় শিক্ষা ইউনিটে ৩৫ হাজারের মতো আবেদন জমা পড়েছে।

গতবারের চেয়ে এবার আবেদন (২৫ নভেম্বর দুপুর পর্যন্ত) বেশি পড়েছে। আরও দুদিন সময় আছে। আবেদন করার সুযোগ পাবেন শিক্ষার্থীরা।

এবার ৬ হাজার ১০ আসনে শিক্ষার্থী ভর্তি নেবে ঢাকা বিশ্ববিদ্যালয়। কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট, বিজ্ঞান ইউনিট, ব্যবসায় শিক্ষা ইউনিট, চারুকলা ইউনিট (সাধারণ জ্ঞান ও অঙ্কন) ও আইবিএ ইউনিটের ভর্তিতে আবেদন করছেন শিক্ষার্থীরা। সব ইউনিটের পরীক্ষা (আইবিএ ছাড়া) শুরু হবে বেলা ১১টায়। পরীক্ষা চলবে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। আইবিএর ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। আবেদনের যোগ্যতাসহ ভর্তি-সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে প্রদত্ত সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি নির্দেশিকায় উল্লেখ থাকবে।

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আবেদনের জন্য এ লিংকে ঢু মারতে হবে শিক্ষার্থীদের। ২০১৯ থেকে ২০২২ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ সালের উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করবেন, কেবল তারাই ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। সে হিসেবে দ্বিতীয়বার ভর্তির সুযোগ থাকছে না।

আবেদন ফি ১০৫০ (এক হাজার পঞ্চাশ) টাকা এবং আইবিএ ইউনিটের আবেদন ফি ১৫০০ (এক হাজার পাঁচ শত) টাকা। চারটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যেকোনো শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীদের আবেদন ফি জমা দিতে হবে। ভর্তি পরীক্ষা আগামী ৩ জানুয়ারি থেকে শুরু হবে।